

স্মারক নং : ০৫.৪২.১৩০০.০১৫.১৮.০০২.২৪-৩৩৭ন


তারিখ: ০১/০৯/২০২৪ খ্রি.

“বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৫ মার্চ ২০২৪ তারিখে উপজেলা নির্বাহী অফিসার, মতলব উত্তর, চাঁদপুর ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব একি মিত্র চাকমা কর্তৃক বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন ২০১০ এর আওতায় মোবাইল কোর্ট পরিচালনাকালে ০১টি বালিবাহী/বাল্কহেড (এমবি এম এস ফিরোজা; রেজি: নং- এম-০১-৪৬০১) ও ০১টি লোড ড্রেজার (এমবি নুর সামিহা; রেজি: নং- এম-০১-৩৫৬১) জব্দ করা হয়।

০২। উক্ত জব্দকৃত নৌযান/আইটেম সমূহ নিলামে বিক্রয়ের জন্য অত্র কার্যালয়ের গত ১৮/০৮/২০২৪ খ্রি. তারিখের ০৫.৪২.১৩০০.০১৫.১৮.০০২.২৪-১১২১ নং স্মারকমূলে নিলাম বিজ্ঞপ্তি জারী করা হয়। জব্দকৃত মালামাল মালিকদের নিকট ফিরিয়ে দেওয়ার নির্দেশনা চেয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে (স্পেশাল অরিজিনাল জুরিসডিকশন) রিট পিটিশন নং- ১০৫৪৬/২০২৪ ও ১০৫৭২/২০২৪ দায়ের করা হয়। উল্লেখ্য, উক্ত মালামাল মালিকদের জিন্মায় প্রদানের জন্য বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট এর আদালত, চাঁদপুর এ ফৌজদারি আপীল নং- ৩৮/২০২৪ দায়ের করা হয়।

০৩। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগে (স্পেশাল অরিজিনাল জুরিসডিকশন) রিট পিটিশন নং- ১০৫৪৬/২০২৪ ও ১০৫৭২/২০২৪ এবং বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট এর আদালত, চাঁদপুর এ ফৌজদারি আপীল নং- ৩৮/২০২৪ এর নির্দেশনা না পাওয়া পর্যন্ত উক্ত নিলাম বিজ্ঞপ্তিটি এতদ্বারা স্থগিত করা হলো।



(মোঃ আসাদুজ্জামান সরকার)

সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট

ও

আহ্বায়ক


জব্দকৃত মালামাল নিলামে বিক্রয় সংক্রান্ত কমিটি  
চাঁদপুর

স্মারক নং : ০৫.৪২.১৩০০.০১৫.১৮.০০২.২৪-৩৩৭ন(২৪)

তারিখ: ০১/০৯/২০২৪ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/অবগতি কার্যার্থে প্রেরণ করা হলো।

- ০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, মতিঝিল, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৪। পুলিশ সুপার, চাঁদপুর।
- ০৫। পুলিশ সুপার, নৌ পুলিশ, চাঁদপুর অঞ্চল, চাঁদপুর।
- ০৬। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, আঞ্চলিক নৌযান সার্ভে ও রেজিস্ট্রেশন/পরিদর্শন অফিস, নৌপরিবহন অধিদপ্তর, চাঁদপুর।
- ০৭। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/(সার্বিক), চাঁদপুর।
- ০৮। স্টেশন কমান্ডার, কোস্ট গার্ড, চাঁদপুর।
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার, মতলব উত্তর, চাঁদপুর।
- ১০। সহকারী কমিশনার (ভূমি), মতলব উত্তর, চাঁদপুর।
- ১১। জনাব-----বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, চাঁদপুর।
- ১২। ইনচার্জ, মোহনপুর নৌ-পুলিশ ফাঁড়ি, মতলব উত্তর, চাঁদপুর।
- ১৩। সহকারী কমিশনার (গোপনীয় শাখা)। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১৪। অফিস কপি।



আহ্বায়ক

জব্দকৃত মালামাল নিলামে বিক্রয় সংক্রান্ত কমিটি  
চাঁদপুর